



## (শোক বার্তা)

### ড. এস এ মালেকের মৃত্যুতে বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের শোক

বরিশাল বিশ্ববিদ্যালয়, ০৭ ডিসেম্বর ২০২২খ্রি।

বাংলাদেশ আওয়ামী লীগের উপদেষ্টা পরিষদের সদস্য ও বঙ্গবন্ধু পরিষদের সভাপতি বীর মুক্তিযোদ্ধা ড. এস এ মালেকের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও বঙ্গবন্ধু পরিষদের প্রেসিডিয়াম সদস্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এক শোক বার্তায় উপাচার্য মহোদয় বলেন, ড. এস এ মালেক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর নেতৃত্বে ভাষা আন্দোলন, ৬-দফা আন্দোলনসহ স্বাধীন বাংলাদেশ প্রতিষ্ঠার সকল আন্দোলন সংগ্রামে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন। শুধু তাই নয় ৭৫ পরবর্তী সময়ে ড. এস এ মালেক বিভিন্ন সভা-সেমিনারের মাধ্যমে বঙ্গবন্ধু ও তাঁর আদর্শকে সারা দেশে ছড়িয়ে দিতে মুখ্য ভূমিকা পালন করেছিলেন। এমন একজন গুণীজনের মৃত্যুতে যে শূন্যতা তৈরি হয়েছে তা অপূরণীয়। উপাচার্য মহোদয় মরহুম ড. এস এ মালেকের জীবনের মাগফিরাত কামনা করে তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

২০২২খ্রি খন্তি

মো. ফয়সল মাহমুদ  
উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস  
বরিশাল বিশ্ববিদ্যালয়